দৈনিক জনকণ্ঠ

3

তারিখ ... 19 NOV 1998 ...
পৃষ্ঠা 7 কলাম 8 ......

# আজ ডিগ্রী পরীক্ষা শুরু এক লাখ ৯০ হাজার পরীক্ষার্থীর অংশগ্রহণ

স্টাফ রিপোর্টার ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৮ সালের ডিগ্রী (পাস) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষা আজ বৃহস্পতিবার শুরু হচ্ছে। দেশের ৭৮১টি তালিকাভুক্ত কলেজের ১ লাখ ৯০ হাজার ৪১ শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিচ্ছে। পরীক্ষা গ্রহণের জন্য ৫৬৯টি কেন্দ্র স্থাপন করা হয়েছে। এর মধ্যে ১৩টি উপকেন্দ্র রয়েছে। আগামী ৪ জানুয়ারি পরীক্ষা শেষ হবে। রাজধানীর ঢাকা থেকে এবার ১৯ হাজার ৭৫৭ জন অংশগ্রহণ করছে। তাছাড়া চট্টগ্রাম বিভাগ থেকে ৪৫ হাজার ২৫৩ জন, খুলনা বিভাগ থেকে ২০

(২- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## আজ ডিগ্রী পরীক্ষা শুরু

(প্রথম পাতার পর)

হাজার ১৮১ জন, বরিশাল বিভাগ থেকে ৭ হাজার ১২৫ জন, সিলেট বিভাগ থেকে ৪ হাজার ৯৬৭ জন, ঢাকা বিভাগ থেকে ৩৪ হাজার ২২৮ জন এবং রাজশাহী বিভাগ থেকে ৫৮ হাজার ৫৩৩ জন পরীক্ষার্থী অংশ নিচ্ছে।

অনুষ্ঠিতব্য পরীক্ষা নিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক আবু মোহাম্মদ এবং সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক বদরুজ্জামান জানান, সুষ্ঠুভাবে পরীক্ষা সম্পাদনের জন্য ৫২৫টি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। ৩৪টি কলেজকে কালো তালিকাভুক্ত করা হয়েছে। কালো তালিকাভুক্ত কেন্দ্রসমূহে নজর দেয়া হবে খুব কড়াকড়ি। পরীক্ষা নিয়ন্ত্রণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দু'টি কন্ট্রোল রুম খোলা হয়েছে।